



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০২.২১.৪

তারিখ: ২৫ পৌষ ১৪২৮

০৯ জানুয়ারি ২০২২

বিষয়: কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০২০(অংশ-১).৩২২; তারিখ- ০৪/১১/২০২১খ্রি. মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২০ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত, বাতিল ও ছাড়করণ সংক্রান্ত গঠিত পুনর্বিবেচনা কমিটির ২২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

নওগাঁ জেলার ধামইরহাট মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক (ব্যবস্থাপনা) জনাব এস.সি আলবার্ট সরেনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক সহকারী অধ্যাপক পদের পদোন্নতি জন্য আবেদন করেছেন।

আবেদনের বর্ণনা: নওগাঁ জেলার ধামইরহাট মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক (ব্যবস্থাপনা) জনাব এস.সি আলবার্ট সরেন সিনিয়র হওয়া সত্ত্বেও তাকে বাদ দিয়ে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে জনাব আতাউর রহমানকে সহকারী অধ্যাপকের স্কেল প্রদান করা হয়। উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে জনাব এস.সি আলবার্ট সরেন সহকারী জজ আদালত ধামইরহাট, নওগাঁতে ২০৯/২০০৮ নং মামলা দায়ের করেন এবং বিজ্ঞ আদালত ১৫/০৩/২০১৫ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

That the suit be here by decreed against the defendant no 3 on contest and against others on expert without cost. The plaintiff is right to be promoted to Assistant Professor is here by declared and the defendant no. 3 and 4 are here by ordered to take necessary steps within 60 days from the date or which the judgment announced to promote the plaintiff to the post of Assistant Professor in the college.


উক্ত আদেশের বিরুদ্ধে প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মোস্তাফিজুর রহমান বিজ্ঞ জেলা জজ আদালত নওগাঁয় ৭৫/২০১৫ নং আপিল মামলা দায়ের করেন। বিজ্ঞ আদালত ০৭/০২/২০১৮খ্রি. তারিখে বাদী পক্ষের আবেদন খারিজ করে দেন। এ প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক জনাব এস.সি আলবার্ট সরেনকে সহকারী অধ্যাপকের স্কেল প্রদান এবং জনাব মো: আতাউর রহমানকে সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান) হতে প্রভাষক পদে অবনমন করাসহ জ্যেষ্ঠতা লঙ্ঘন করে পদোন্নতির অনিয়মের সাথে জড়িত অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে মাউশি হতে পত্র প্রেরণ করা হয়।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক জনাব এস.সি আলবার্ট সরেনকে সহকারী অধ্যাপকের স্কেল প্রদান এবং জ্যেষ্ঠতা লঙ্ঘনের বিষয়ে অনিয়মের সাথে জড়িত অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে কমিটির সভায় মতামত ব্যক্ত করা হয়।

উক্ত সভার ১০ নং অনুচ্ছেদে সুপারিশ:

- (ক) বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক জনাব এস.সি আলবার্ট সরেনকে সহকারী অধ্যাপকের স্কেল প্রদান।  
(খ) জ্যেষ্ঠতা লঙ্ঘনের মাধ্যমে পদোন্নতির অনিয়মের সাথে জড়িত অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পরবর্তী সভায় তাকে শুনানীর জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে বর্ণিত বিষয়ে উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৯-১-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

অধ্যক্ষ, ধামইরহাট মহিলা কলেজ, নওগাঁ।


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০২.২১.৪/১(২)

তারিখ: ২৫ পৌষ ১৪২৮

০৯ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব এসসি আলবার্ট সরেন, প্রভাষক, ধামইরহাট মহিলা কলেজ, নওগাঁ।
- ২) সভাপতি, গভর্নিং বডি, ধামইরহাট মহিলা কলেজ, নওগাঁ।



৯-১-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক